

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-২৩৫-আইন/২০১৯/৭১-মূসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ৪৯, ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উৎসে মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার –

- (ক) বিধি-২ এর দফা (খ) এ উল্লিখিত “শিক্ষা প্রতিষ্ঠান, কোনো লিমিটেড কোম্পানি এবং ১ (এক) কোটি টাকার অধিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠানকে” শব্দসমূহ, সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “শিক্ষা প্রতিষ্ঠান এবং কোনো লিমিটেড কোম্পানিকে” শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিধি-৩ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) সকল নিবন্ধিত সরবরাহকারী কর্তৃক টেন্ডার, চুক্তি, কার্যাদেশ বা অন্যবিধভাবে অব্যাহতি প্রাপ্ত বা শূন্যহার বিশিষ্ট নহে এইরূপ পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে উৎসে কর্তনকারী সত্তা উক্ত সরবরাহকারীর নিকট পরিশোধযোগ্য পণ হইতে নিম্নরূপে মূসক উৎসে কর্তন করিবে, যথা:-

- (ক) সরবরাহকারী ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক আরোপিত রহিয়াছে এইরূপ কোনো পণ্য বা সেবা, উক্ত হার উল্লেখপূর্বক ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে সরবরাহ করিলে, সেইক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না;
- (খ) সরবরাহকারী হ্রাসকৃত হারে মূসক বা সুনির্দিষ্ট কর আরোপিত রহিয়াছে এইরূপ পণ্য বা সেবা, ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে সরবরাহ করিলে,

উৎসে কর্তনকারী সভা পরিশোধযোগ্য পণ হইতে সমুদয়  
মূসক বা সুনির্দিষ্ট কর উৎসে কর্তন করিবে।”;

- (গ) বিধি-৮ এর দফা (গ) এ উল্লিখিত “শিক্ষা প্রতিষ্ঠান, কোনো লিমিটেড কোম্পানি এবং ১ (এক) কোটি টাকার অধিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠান এর” শব্দসমূহ, সংখ্যা ও চিহ্নসমূহের পরিবর্তে “শিক্ষা প্রতিষ্ঠান এবং কোনো লিমিটেড কোম্পানির” শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)  
প্রথম সচিব (মূসক নীতি)